

- ৭। ‘সংসার সীমান্তে’ গল্পে অঘোর এবং রজনী—এই দুই প্রান্তিক মানুষের ‘সংসার’ কীভাবে সীমান্তবর্তী হয়ে রইল তা নিজের ভাষায় লেখো।

অথবা

- ৮। ‘হয়তো’ গল্পে কথক কীভাবে গল্পের মধ্যে গল্প বলেছেন তা সংক্ষেপে বুঝিয়ে দাও।
- ৯। বুদ্ধদেব বসুর ‘পুরানা পল্টন’ রচনাটি প্রবন্ধ রচনার প্রচলিত রীতিকে কোথাও অতিক্রম করে গিয়েছে বলে কি তোমার মনে হয়? যুক্তিসহ আলোচনা করো।

অথবা

- ১০। ‘পারিবারিক নারী সমস্যা’ প্রবন্ধে অন্নদাশঙ্কর রায় নারীর দুঃখের কী কী কারণ নির্দেশ করেছেন তা আলোচনা করো।

কলা স্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

সাধারণ ঐচ্ছিক

কোর্স : জি. ই. – ৪.৮

বাংলা গল্প ও গদ্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলির মান সমান।

- ১। রবীন্দ্রনাথের ‘নিশীথে’ গল্পটির প্রকাশকাল লেখো। এই গল্পের দক্ষিণাচরণবাবু চরিত্রটি যেভাবে চিত্রিত হয়েছে তার পরিচয় দাও।

অথবা

- ২। একটি রাত্রি কীভাবে অনন্তপ্রেমের শাস্ত-মুহূর্ত হয়ে ওঠে তা রবীন্দ্রনাথের ‘একরাত্রি’ গল্প অবলম্বনে আলোচনা করো।
- ৩। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ‘দেবতার ব্যাধি’ গল্পটি আসলে একজন মানুষেরই অন্তর্গত দেবাসুরের দ্বন্দ্বের প্রকাশ। মন্তব্যটির সপক্ষে বা বিপক্ষে তোমার যুক্তি জানাও।

অথবা

- ৪। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ‘অগ্রদানী’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।
- ৫। ‘প্রাগৈতিহাসিক’ গল্পের নামকরণের যথার্থতা পর্যালোচনা করো।

অথবা

- ৬। বিশ্বযুদ্ধোত্তর সমাজে মধ্যবিত্ত শ্রেণির নৈতিক মূল্যবোধের অবক্ষয় ও বিপন্নতার চিত্র মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পে কীভাবে ফুটে উঠেছে তা পাঠ্য গল্প অবলম্বন করে আলোচনা করো।

[Turn over